গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
সাধারণ শাখা

# মার্চ ২০২২ মাসের জেলা এনজিও সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | কাজী নাহিদ রসুল<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৭ এপ্রিল ২০২২ খ্রি |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | জুম অনলাইন প্লাটফর্ম (আইডি ৬০২২৩৮৩৭৬৮) |
| উপস্থিতি | ... |

সভাপতি জুম অনলাইন প্লাটফর্মে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সেটি অনুমোদিত হয়। সভায় বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | <u>ব্র্যাকঃ</u> ব্র্যাক, জেলা সমন্বয়কারী মুন্সীগঞ্জ জানান, মুন্সীগঞ্জ জেলার ৬টি উপজেলার ৬৭ টি ইউনিয়নে ব্র্যাক এর চলমান কর্মসূচীর স্কীলস ডেভেলপমেন্ট কর্মসূচীর মাধ্যমে চারটি ট্রেডে ১১৬ জনকে ট্রেনিং করানো হয়েছে। বর্তমানে ৭৬ জনের একটি ট্রেনিং চলমান রয়েছে। টিবি কর্মসূচীর আওতায় মার্চ ২০২২ মাসে কফ পরীক্ষা করা হয় ২৮৯৫ জন, যক্ষা রোগী সনাক্ত করা হয় ৩৮৫জন, যক্ষা রোগী পজিটিভ হয়েছে ২৩১ জন, যক্ষা রোগী নিরাময় হয়েছে ২৬৫ জন, যক্ষা সনাক্তকরণে আর্থিক সহায়তা দেয়া হয়েছে ৭৭ জনকে ২৬৮৮০ টাকা। স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা কর্মসূচীর ২৫৫৫ জন স্বাস্থ্য সেবিকা ৯২৮৫০ টি হাউস হোল্ড ভিজিট করে ৪৯৬০ জন গর্ভবতীকে বিভিন্ন ধরণের সেবা প্রদান করা হয়েছে। এরমধ্যে ৩৩১ জন মহিলা পিএনসি সেবা এবং ৪৮০ জন মহিলাকে এএনসি সেবা দেওয়া হয়েছে। স্বাস্থ্য ফোরাম সংক্রান্ত ১৮৮০টি উঠান বৈঠক করা হয়। মার্চ ২০২২ মাসে নিরাপদ অভিবাসন কর্মসূচির মাধ্যমে ০৩ জন বিদেশ ফেরত অভিবাসীকে ১,৮৫,০০০/- টাকা (অফেরত যোগ্য) দিয়ে সেবা প্রদান করা হয়। ৫টি ইউনিয়ন ফোরাম মিটিং করা হয়। মাইক্রোফাইন্যান্স কর্মসূচির মাধ্যমে ৬৮০০ জন ক্ষুদ্র ব্যবসায়ী নারীকে ৪৯,৩৩,৫৫,০০০/- টাকা, বর্গা চাষী উন্নয়ন কর্মসূচীর মাধ্যমে ৫২৮ জনকে ৫,১৫,০০০০০/- টাকা ও ২১১৫ জন ক্ষুদ্র ও ও মাঝারি ব্যবসায়ীকে ব্যবসা সংক্রান্ত (প্রগতি) এর মাধ্যমে ৭৮,৯৮,০০০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ভিশন বাংলা প্রজেক্ট এর মাধ্যমে মার্চ ২০২২ মাসে ১০টি ক্যাম্পের মাধ্যমে ৩৫৫ জনকে চোখ পরীক্ষা করে চিকিৎসা সেবা, ২৭ জনকে ছানি অপারেশন করা হয়। রিডিং গ্লাসের মাধ্যমে ১৯৭ জনকে চোখ পরীক্ষা করে ১৯০ জনকে চশমা প্রদান করা হয়। স্বাস্থ্য সেবা ও ঋণ প্রদানের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার/ তাঁর প্রতিনিধিকে সম্পৃক্ত করার জন্য সভাপতি অনুরোধ জানান। | স্বাস্থ্য সেবা ও ঋণ প্রদানের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার/ তাঁর প্রতিনিধিকে সম্পৃক্ত করতে হবে। | ব্র্যাক, জেলা সমন্বয়কারী মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০২. | **আশাঃ** সিনিয়র জেলা ব্যবস্থাপক, আশা, মুন্সীগঞ্জ জানান, মার্চ ২০২২ মাসে এ সংস্থাটি ৩৫ জন সদস্যকে ১৪,৪১,১৭৭/-টাকা ঋণ বীমার দাবী পরিশোধ করা হয়েছে। ০৭ জন সদস্যকে ৮১৮০/- টাকা নিরাপত্তার দাবী পরিশোধ করা হয়েছে। চিকিৎসা সহায়তা বাবদ ৪ জন সদস্যকে ১২,০০০/-, কর্মী ও পরিবার ০১ জনকে ২১,৭৬৬/- টাকা প্রদান করা হয়েছে। ১০ জন সদস্যের মৃত্যুর পর ৫০,০০০/-টাকা অনুদান প্রদান করা হয়েছে। ৫১৮৪ জনকে ৩৮,৭৮,৩৮,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ৫৩,৫৫৩ জনের মধ্যে ২৬৫,১৬,৩৭,৫০২/-টাকা ঋণ স্থিতি রয়েছে। ৭৮২২ জনের মধ্যে ১৯,৩৪,৪১,০৬৮/-টাকা ঋণ খেলাপী রয়েছে। ২৪১২ জনের মধ্যে ৪,৪৭,৯৯,৫১৪/-টাকা কু-ঋণ স্থিতি রয়েছে। ৬৪,৪৮৮ জনের মধ্যে ৫১,৬০,৬৩,৯০৭/-টাকা সঞ্চয় ও নিরাপত্তা স্থিতি রয়েছে। ৪০,৭৩২ জনের মধ্যে ৪৭,২১,৪৭,৫৮৩/-টাকা ঋণ নিরাপত্তা তহবিল স্থিতি রয়েছে। ক্ষুদ্র মহিলা, ক্ষুদ্র ব্যবসা, সেল (বিশেষ), এগ্রিবিজনেস, এসএমই লোন (বড় ঋণ), দুগ্ধবতী খামার ঋণ প্রকল্প, স্যানিটেশন ব্যবহারকারী, পাওয়ার টিলার ঋণ, মাশরুম চাষ, হতদরিদ্র ও শিক্ষা ইত্যাদি হচ্ছে ঋণের ধরন। কোন সদস্য ১০ বছর অতিবাহিত হলে অবসর ভাতা হিসেবে ১৫,০০০/- টাকা প্রদান করা হয়। কোন সদস্য অভিভাবক স্থায়ীভাবে পঙ্গু হয়ে গেলে তার ঋণ মওকুফ করা হয়। এ জেলাধীন ০৩টি উপজেলার ০৪টি ব্রাঞ্চে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়। ২৯টি ব্রাঞ্চের মধ্যে স্বাস্থ্য সচেতনতামূলক কার্যক্রম চালু রয়েছে। নিজস্ব ফিজিওথেরাপি ডাক্তার নিয়োজিত থাকায় ব্রাঞ্চে ক্যাম্প করে গরিব রোগীদের যত্ন সহকারে ফিজিওথেরাপি সেবা প্রদান করা হয়। তাছাড়া এ জেলার ২৬টি ব্রাঞ্চে রেমিটেন্স প্রদান করা হয়। স্বাস্থ্য ও শিক্ষা কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য উপজেলা স্বাস্থ্য/শিক্ষা কর্মকর্তার সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করার জন্য সভাপতি অনুরোধ জানান। | স্বাস্থ্য ও শিক্ষা কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য উপজেলা স্বাস্থ্য/শিক্ষা কর্মকর্তার সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | সিনিয়র জেলা ব্যবস্থাপক, আশা, মুন্সীগঞ্জ |
| ০৩. | সচেতন নাগরিক কমিটি (সনাক-টিআইবি) : এরিয়া কো-অর্ডিনেটর, টিআইবি, মুন্সীগঞ্জ জানান, তার সংস্থা মার্চ ২০২২ মাসে বিল্ডিং ইনটেগ্রিটি ব্লকস ফর ইফেক্টিভ চেঞ্জ-II প্রকল্পের আওতায় ২,১৫,৮২৫/- টাকা কর্মসূচী ব্যয়ে ১. সনাক সভা ২. ইয়েস সভা ৩. স্থানীয় সরকার কর্তৃপক্ষের সাথে সভা ৪, শিক্ষা (প্রাথমিক কর্তৃপক্ষের সাথে সভা) ৫.স্বাস্থ্য কর্তৃপক্ষ ও অংশীজনদের সাথে করোনা ভাইরাসের টিকা প্রদান সংক্রান্ত কমিউনিটি মনিটরিংয়ের প্রতিবেদন শেয়ারিং ৬. তথ্য অধিকার আইন ২০০৯ এর ৯টি প্রচারিভিয়ান ৭. আন্তর্জাতিক নারী দিবস উদযাপন ৮. বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে দুর্নীতিবিরোধী চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও ৯. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন করেন। তাদের কার্যক্রমকে ধন্যবাদ জানিয়ে দুর্নীতি বিরোধী প্রচার-প্রচারণার মাধ্যমে জনগণকে আরো সচেতন করার জন্য সভাপতি অনুরোধ জানান। | দুর্নীতি বিরোধী প্রচার-প্রচারণার মাধ্যমে জনগণকে আরো সচেতন করতে হবে। | এরিয়া কো-অর্ডিনেটর, টিআইবি, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | <u>ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপন্টে:</u> এরিয়া ম্যানেজার, পিএফইডি, মুন্সীগঞ্জ জানান, **ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপন্টে মার্চ ২০২২ মাসে ৫০০ জনের অনুকূলে ৩,০০,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। সঞ্চয় আদায় হয় ৭০,০০,০০০/- টাকা, সঞ্চয় স্থিতি ৯,০০,০০,০০০/- টাকা, ঋণ স্থিতি ১৮,০০,০০,০০০/- টাকা এবং ঋণ আদায়ের হার ১০০%। সদস্য অথবা সদস্যের অভিভাবকের মৃত্যুজনিত কারণে অনুদান বাবদ প্রদানকৃত টাকার পরিমান ১,৪৩,২৫০/-টাকা।** ঋণ বিতরণের ক্ষেত্রে মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। | ঋণ বিতরণের ক্ষেত্রে মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | এরিয়া ম্যানেজার, পিএফইডি, মুন্সীগঞ্জ |
| ০৫. | <u>কারিতাস ঢাকা অঞ্চল</u> :এরিয়া ম্যানেজার, কারিতাস, বাংলাদেশ,মুন্সীগঞ্জ জানান, কারিতাস সিরাজদিখান, লৌহজং, শ্রীনগর ও মুন্সীগঞ্জ সদর উপজেলায় তার কার্যক্রম গ্রহণ করে থাকে। এ সংস্থাটি লৌহজং উপজেলার কনকসার এবং শ্রীনগর উপজেলার রাঢ়ীখাল ইউনিয় পরিষদে সুরমা মোবাইল টেকনিক্যাল ট্রেনিং সেন্টার ও শীতলক্ষা মোবাইল টেকনিক্যাল ট্রেনিং সেন্টার ২টি স্কুল ঝরেপড়া ছাত্র-ছাত্রীদের কারিগরি প্রশিক্ষণ প্রদান করেন। মার্চ ২০২২ মাসে গণসচেতনতা মূলক উঠান বৈঠক করা হয় ৩৬ টি। স্থানীয় জনগণের কোভিড-১৯ ভ্যাকসিন নেয়ার জন্য ফ্রি-রেজিস্ট্রেশন করা দেয়া হয়েছে ২৭ জনকে। চাকুরির জন্য তথ্য দিয়ে সহায়তা করা হয়েছে ০৪ জনকে। বিভিন্ন টেকনিক্যাল ট্রেনিং সেন্টারে ভর্তির জন্য তথ্য দিয়ে সহায়তা করা হয়েছে ৩ জনকে। প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে ঋণ পাইয়ে দেয়ার জন্য তথ্য দিয়ে সহায়তা প্রদান করা হয় ০৫ জনকে। বিদেশে মৃত্যুজনিত কারণে বাংলাদেশে মৃত দেহ ফিরিয়ে আনার জন্য তথ্য দিয়ে সহায়তা দেয়া হয়েছে ০২ জনকে। এ সংস্থাটি মার্চ ২০২২ উপজেলার বিভিন্ন কর্মকর্তাদের সাথে যোগাযোগ স্থাপন করা হয়। সিরাজদিখান, লৌহজং ও শ্রীনগর উপজেলায় কারিতাস মাইক্রো ফাইনান্স কর্মসূচীর আওতায় ১০৮৭ জনকে ৪,২৪,৩১,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের পরিমান ৩,৯৫,৪৬,৭৪৮/- টাকা। ১১,৩১০ জনের নিকট ঋণ স্থিতি ২৭,৯৪,৬৯,৬২৮/- টাকা। ঋণ আদায়ের হার ৯৬%। ঋণ কার্যক্রমকে আরো বেগবান করার জন্য জেলা ও উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে কাজ করার জন্য সভাপতি অনুরোধ জানান। | ঋণ কার্যক্রমকে আরো বেগবান করার জন্য জেলা ও উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | এরিয়া ম্যানেজার কারিতাস, বাংলাদেশ, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | <u>ব্যুরো বাংলাদেশঃ</u> এলাকা ব্যবস্থাপক, ব্যুরো বাংলাদেশ মুন্সীগঞ্জ জানান, ব্যুরো বাংলাদেশ মুন্সীগঞ্জে মোট ২৩টি শাখা কার্যালয়ের মাধ্যমে কর্মসূচী বাস্তবায়ন করছে। মার্চ ২০২২ মাসে মোট সদস্য সংখ্যা ৫০৬১১ জন। ৪৮৫ জন গ্রাহককে মোট ২,০৯,৯৯,৬২২/- টাকা রেমিটেন্স সেবা প্রদান করা হয়েছে। নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্য অভ্যাস বিষয়ক প্রশিক্ষণ ও ঋণ বিতরণ করা হয়েছে ১৭৫জন গ্রাহককে মোট ৫৬,২৬,০০০/- টাকা প্রদান করা হয়েছে। গজারিয়া উপজেলার পুরান বাউশিয়া গ্রামে সোস্যাল ডেভেলপমেন্ট এবং বিশ্ব ব্যাংক এর সহায়তায় প্রায় ৫০৭টি পরিবারের মাঝে স্বল্প মূল্যে আর্সেনিকমুক্ত বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। চলতি মাসে সদস্যদের জমাকৃত সঞ্চয়ের পরিমান ৬,৬৪,৪৭,১৮৭/- টাকা। উত্তোলনকৃত সঞ্চয়ের পরিমান ৭,০৯,৬৫,৫৪৬/-এবং সঞ্চয় স্থিতির পরিমাণ ৯২,৭০,২৯,৭৫৬/- টাকা। ৩৩২৭ জন গ্রাহককে ঋণ বিতরণ করা হয়েছে মোট ৩২,৮৪,৯৬,০০০/- টাকা এবং ঋণ স্থিতির পরিমাণ ২২৪,৭৫,৪২,৯৬১/- টাকা। ৫৮০ জন গ্রাহককে ৪,০৮,০০,০০০/- টাকা প্রনোদনা ঋণ বিতরণ করা হয়েছে। মোবাইল ব্যাকিং ব্যবহারের মাধ্যমে ৮০৯০ জন গ্রহককে সঞ্চয় ও ঋণের কিস্তি প্রদান করা হয়েছে। আর্থিক নিরাপত্তা তহবিলের মাধ্যমে চলতি মাসে ২১ জনকে মোট ১,০৫,০০০/-টাকা এবং মৃত সদস্য/ অভিভাবকের মৃত্যুজনিত কারণে আর্থিক নিরাপত্ত তহবিল দ্বারা ১৯জনের মধ্যে ১০,০৭,২৯০/- টাকা ঋণ সমন্বয় করা হয়েছে। করোনা প্রতিরোধ সংক্রান্ত ভ্যাকসিন গ্রহনের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধকরণসহ বিনামূলে ১০২০ জন সদস্যদেরকে ভ্যাকসিন রেজিস্ট্রেশন করা হয়েছে এবং এই প্রক্রিয়া অব্যাহত রয়েছে। স্বাস্থ্য বিষয়ক সকল কার্যক্রম গ্রহণে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সাথে সমন্বয় করে কাজ করার জন্য সভাপতি অনুরোধ জানান। | স্বাস্থ্য বিষয়ক সকল কার্যক্রম গ্রহণে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | এলাকা ব্যবস্থাপক, ব্যুরো বাংলাদেশ মুন্সীগঞ্জ |
| ০৭. | <u>লেপ্রসিমিশন ইন্টারন্যাশনাল বাংলাদেশঃ</u>টেকনিক্যাল সাপোর্ট অফিসার, আই. এল. এস. এইচ. টি. এল. এম. আইবি, মুন্সীগঞ্জ জানান, এ সংস্থাটি মার্চ ২০২২ মাসে ১টি সেশনে ১জন অতিব দরিদ্র রোগিকে ঔষধ সরবরাহ করা হয়েছে। ১টি সেশনে ১জন এমডিটি সম্পূর্ণ করার জন্য কাউন্সেলিং করানো হয়। ০৪ জন রোগীকে ০৪টি সেশনে সহায়ক উপকরণ প্রদান করা হয়েছে। ০১ জন রোগী ও সাধারন জনগনকে ০১টি সেশনের মাধ্যমে তাদের পরিবারের চারিপাশে জরিপ করা হয়েছে। ১০টি সেশনে ৫৯৩৬ জন সাধারন জনগনের এলাকার চারপাশে জরিপ করা হয়েছে। ১টি সেশনে ১৪ জন সরকারী কর্মচারী নিয়ে উঠান বৈঠক করা হয়। নতুন রোগী হিসেবে ১ জনকে ১টি সেশনের মাধ্যমে শনাক্ত করা হয়েছে। ১টি সেশনে ৩৩২ জন শিক্ষক/ছাত্র/ছাত্রীকে স্কুল ক্যাম্পেইন করানো হয়। বর্তমানে চলমান মোট রোগীর সংখ্যা ও ঔষধ প্রাপ্তির সংখ্যা ২২ জন। ১টি সেশনে সমাজমেবা কর্মকর্তা ও অফিসারের অংশগ্রহণসহ ১৪ জনকে নিয়ে সমাজসেবা অফিসে মিটিং করা হয়। ১টি সেশনে ১৫ জন সাংবাদিক নিয়ে মিটিং করা হয়। তাঁর সংস্থার কার্যক্রমকে সরকারি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে রোগীদের চিকিৎসা সেবা প্রদান করার জন্য সভাপতি অনুরোধ জানান। | সংস্থার কার্যক্রমকে সরকারি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে রোগীদের চিকিৎসা সেবা প্রদান করতে হবে। | টেকনিক্যাল সাপোর্ট অফিসার, আই. এল. এস. এইচ. টি. এল. এম. আইবি, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | <u>সিমবায়োসিসঃ</u> প্রজেক্ট ম্যানেজার, সিমবায়োসিস, মুন্সীগঞ্জ সভায় জানান, এ সংস্থার মার্চ ২০২২ মাসে সঞ্চয় ১১,৯৭০/- টাকা এবং মোট মুলধন ৩,২৪,৯২০/- টাকা। ১৮টি সমিতির কার্যক্রম সঞ্চয় জমা ও হিসাব ব্যবস্থাপনা সভা হয়েছে ৩৭ বার। সমিতিতে চলতি মাসে সঞ্চয় ৪৫,৬২৭/- টাকা এবং মোট মূলধন ২০,০০,৯১২/- টাকা। সমিতির ০১ জন সদস্য আয়বৃদ্ধিমূলক কার্যক্রমের জন্য লোন নিয়েছে । সমিতি থেকে লোন নিয়ে গরু পালন করছে। সরকারী এবং বেসরকারী সুবিধাগুলো প্রাপ্তির জন্য সচেতনতামূলক ক্লাশ ২টি, পিতামতা, অভিভাবক ও যুবকদের সাথে আলোচনা করে বাল্য-বিবাহ, যৌতুক, ড্রাগ, আসক্তি, নারি উত্যক্তকরণ বিষয়ে ৫টি সচেতনতা ক্লাশ করা হয়েছে। শিশু অধিকার, শিশু নিরাপত্তা, শিশু সুরক্ষা, শিশু স্বাস্থ্য বিষয়ে সচেতনতামূলক ক্লাশ ৫টি হয়েছে। সমিতির সদস্যদেরকে পুষ্টি, মৌলিক পয়ঃব্যবস্থা বিষয়ে চর্চা ও সচেতনতা ক্লাশ ২টি। করোনা প্রতিরোধ ও টিকাদান বিষয়ে সচেতনতা ক্লাশ ২টি। ৭৩ জন (০-৫ বছর পর্যন্ত) বাচ্চা ওজন করা। ৭৩ জন (০-৫ বছর পর্যন্ত) বাচ্চা ওজন করা হয়েছে। ১টি মোবাইল ক্যাম্পের মাধ্যমে ১১৩ জন রোগীর প্রাথমিক চক্ষু চিকিৎসা সেবা প্রদান এবং ৬টি চশমা প্রদান করা হয়েছে। ঋণ বিতরণের পাশাপাশি স্বাস্থ্যসেবা কার্যক্রমকে তরান্বিত করার জন্য মাঠ পর্যায়ে সরকারের সাথে সমন্বয় করার সভাপতি অনুরোধ করেন। | ঋণ বিতরণের পাশাপাশি স্বাস্থ্যসেবা কার্যক্রমকে তরান্বিত করার জন্য মাঠ পর্যায়ে সরকারের সাথে সমন্বয় করতে হবে। | প্রজেক্ট ম্যানেজার, সিমবায়োসিস, মুন্সীগঞ্জ |
| ০৯. | <u>**সাজেদা ফাউন্ডেশনঃ**</u> আঞ্চলিক ব্যবস্থাপক, **সাজেদা ফাউন্ডেশন মুন্সীগঞ্জ জানান,** সাজেদা ফাউন্ডেশন এ জেলার ০৬টি উপজেলায় বিভিন্ন সামাজিক সেবা ও ঋণ কার্যক্রম সম্পাদন করেন। মার্চ ২০২২ মাসে প্রান্তিক কৃষক ও হতদরিদ্রের মাঝে স্বল্প সুদে ১,০৩,৫০,০০০/- টাকার কৃষি ঋণ বিতরণ, ওয়াটার স্যানিটেশন প্রোগ্রাম এর সুবিধাভোগী ২৩২ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান, ৫৭ জন খামারিকে গবাদি পশু পালন ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং প্রায় ৪৫৭টি গবাদি পশু ও হাস মুরগীর টিকা প্রদান করা হয়। লয়্যাল কাস্টমার সদস্যদের লাভের উপর ৩% থেকে ৫% পর্যন্ত নগদ অর্থ বাবদ ২,২৮,৩৫৭/- টাকা প্রদান, মাইক্রোফাইন্যান্স কর্মসূচীর মাধ্যমে ১৪৩১ জন সদস্যের মাঝে বিভিন্ন খাতে ১৪,৮৮,৪৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা ও তাদের উন্নয়ন মূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং সদস্যদের প্রয়োজন অনুযায়ী তাদের গচ্ছিত সঞ্চয় হতে ১৪৭৮ জনকে ২,৫০,৭০,০০০/- টাকা ফেরত প্রদান করা হয়। সদস্যদের মধ্যে কেউ যদি অসুস্থতাজনিত বা আকস্মিকভাবে মৃত্যুবরণ করে সংস্থা কর্তৃক এককালীন ২০,০০০/- টাকা নগদ সহায়তা প্রদান, ঋণ মওকুফ করা এবং তার গচ্ছিত সঞ্চয় প্রদান করা হয়। ঋণ বিতরণ কার্যক্রমে উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সমন্বয় করে কাজ করার জন্য সভাপতি অনুরোধ জানান। | ঋণ বিতরণ কার্যক্রমে উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | আঞ্চলিক ব্যবস্থাপক, সাজেদা ফাউন্ডেশন মুন্সীগঞ্জ |
| ১০. | <u>রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক):</u> সহকারী এরিয়া ম্যানেজার, রিক, মুন্সীগঞ্জ সভায় জানান, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) পিকেএসএফ ও ব্যাংক এর অর্থায়নে এ জেলায় ঋণ কার্যক্রম গ্রহণ করে থাকেন। মার্চ ২০২২ মাসে তার সংস্থার সদস্য সংখ্যা ৬৯৯৫ জন, ঋণীর সংখ্যা ৫০০৬ জন, সঞ্চয় স্থিতি ৭,৩৯,১০,৭৭৬/- টাকা, ঋণস্থিতি ২৪,৯১,৮৯,৯৬৬/-টাকা এবং আদায়ের হার ৯৫%। সভাপতি ঋণ বিতরণ কার্যক্রমকে আরো বেগবান করার সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করার জন্য অনুরোধ জানান। | ঋণ বিতরণ কার্যক্রমকে আরো বেগবান করার সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করতে হবে। | সহকারী এরিয়া ম্যানেজার, রিক, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ১১. | উদ্দীপনঃ আঞ্চলিক ব্যবস্থাপক, উদ্দীপন মুন্সীগঞ্জ জানান এ সংস্থাটি ০৬টি উপজেলায় ০৭টি শাখার মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর আয় বর্ধনমূলক ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সঞ্চয় ও ঋণ দান কর্মসূচী চলমান রয়েছে। মার্চ ২০২২ মাসে সামাজিক কার্যক্রমের মধ্যে স্বাস্থ্য সেবা প্রদান করা হয় ২২৮ জনকে, হেলথ ক্যাম্প ১৩টি, প্রশিক্ষণ প্রদান করা হয় ১০০ জনকে, মাস্ক প্রদান করা হয় ২০৪ জনকে, সিজারের মাধ্যমে সন্তান প্রসব, পিত্তথলিতে পাথর অপারেশন, অ্যাপেন্ডিসাইটস, জরায়ু অপারেশন এবং স্তন ক্যান্সার/ টিউমার অপারেশনের জন্য ০৪ জনকে ২৫,০০০/- টাকা। ০৩ জন মৃত ব্যক্তির দাফন কাফন বাবদ প্রদান করা হয় ৫০০০/-টাকা। মৃত ব্যক্তির ঋণ মওকুফ করা হয় ২,২৪,৫৯১/-, মৃত ব্যক্তির সঞ্চয় ফেরতকৃত টাকার পরিমান ১০,০০০/-। ওয়াটার ক্রেডিট কর্মসূচীর মাধ্যমে নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপনে ১১২ জনকে ৩৩,৪৭,০০০/-সহায়তা প্রদান করা হয়। ২ জনকে নলকূপ স্থাপনে সহায়তা করা হয় ১,২০,০০০/- টাকা দিয়ে। এ মাসে ঋণ কার্যক্রমের আওতায় সংগঠন সংখ্যা ৪৩০ জন, গ্রাহক সংখ্যা ৭৪৮১ জন। সঞ্চয় আদায় ৭৫,৪৮,৪১০/- টাকা, সঞ্চয় ফেরত ৩৭,৮৯,১১৯/-টাকা, সঞ্চয় স্থিতি ৭৮,৮৮,৯,৩১৭/- টাকা। ঋণ বিতরণের সংখ্যা ৪২৮ জন, পরিশোধ ঋণীর সংখ্যা ৪৫৩ জন। মোট ঋনী সংখ্যা ৫৮৫১ জন। ঋণ বিতরণের টাকা ৩৫,৩৩,৬,০০০/-টাকা, ঋণ আদায় ২৭,০৭০,৭২৮/-টাকা, মোট ঋণ স্থিতি ২১,৪৪,৩৫,৬৪২/-টাকা, বকেয়া ঋণীর সংখ্যা ২৩২৩ জন, বকেয়া স্থিতি ৩,৩৫,৯২,৪৯১/- টাকা। সভাপতি কৃষি ক্ষেত্রে এনজিও বিষয়ক কার্যক্রম গ্রহণের সময় উপজেলা ও জেলা পর্যায়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ জানান। | কৃষি ক্ষেত্রে এনজিও বিষয়ক কার্যক্রম গ্রহণের সময় উপজেলা ও জেলা পর্যায়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | আঞ্চলিক ব্যবস্থাপক, উদ্দীপন মুন্সীগঞ্জ |
| ১২. | আল ইহসান সোস্যাল ডেভেলপমেন্ট সেন্টারঃ প্রজেক্ট ডাইরেক্টর, আল ইহসান সোস্যাল ডেভেলপমেন্ট সেন্টার, মুন্সীগঞ্জ জানান, আল ইহসান সোস্যাল ডেভেলপমেন্ট সেন্টারের অধীনে ছাহেরা খাতুন এতিমখানা ও হাফিজিয়া মহিলা মাদ্রাসার ছাত্রী সংখ্যা ৩৮৭ জন এবং শিক্ষক সংখ্যা ২৭ জন ও অন্যান্য কর্মকর্তা কর্মচারী ১২ জন। মার্চ ২০২২ মাসে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ৫০০টি খাতা বিতরণ করা হয় এবং প্রথম থেকে দশদ শ্রেণী পর্যন্ত ছাত্রীদেরকে নগদ ২৬,০০০/-বৃত্তি প্রদান করা হয়। সচেতনতামূলক কার্যক্রম হিসেবে মাস্ক, সাবান ও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার এবং পরিস্কার পরিচ্ছন্ন থাকার জন্য ছাত্রী ও অভিভাবকগণকে পরামর্শ প্রদান করা হয়। এতিমখানার ছাত্রীদের চিকিৎসার জন্য ৫০০০/- টাকা ব্যয় করা হয়। প্রাপ্ত বয়স্ক ছাত্রীদের মাঝে ৪০টি স্যানেটারী ন্যাপকিন বিতরণ করা হয়েছে। এতিমখানার আবাসিক ৫৪ জন ছাত্রীকে ৩ বেলা খাবার ও সকাল-সন্ধ্যায় নাস্তা প্রদান করা হয়ছে। পবিত্র রমজান উপলক্ষ্যে ৩১ জন শিক্ষার্থীর পরিবারকে ফিদিয়া খাদ্য সহায়তা প্রদান করা হবে। উক্ত প্রতিষ্ঠানে সকল সেবামূলক কার্যক্রম সম্পূর্ণ বিনামূলে প্রদান করা হয়ে থাকে। ধন্যবাদ জানিয়ে সভাপতি এনজিও বিষয়ক সেবা প্রদানের ক্ষেত্রে মাঠ পর্যায়ে কর্মকর্তাদের সম্পৃক্ত করার জন্য অনুরোধ জানান। | এনজিও বিষয়ক সেবা প্রদানের ক্ষেত্রে মাঠ পর্যায়ে কর্মকর্তাদের সম্পৃক্ত করতে হবে। | প্রজেক্ট ডাইরেক্টর, আল ইহসান সোস্যাল ডেভেলপমেন্ট সেন্টার, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্রঃ ব্রাঞ্চ ম্যানেজার, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, মুন্সীগঞ্জ সভায় জানান, মুন্সীগঞ্জ জেলার ০৫টি উপজেলায় ০৫টি ব্রাঞ্চে এ সংস্থা কৃষি কার্যক্রম, শিক্ষা কার্যক্রম, সামাজিক কার্যক্রম, ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রম, স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালিত হয়। মার্চ ২০২২ মাসের মোট সদস্য সংখ্যা ৭৮২৮ জন, ঋণস্থিতি ৪৭,৬২,৪৯,৪৭২/-টাকা, সঞ্চয় স্থিতি ১২,১০,০৬,০১৯/-টাকা। আদায়ের হার ৯৭.৩৯%। মাইক্রোফাইন্যান্স কর্মসূচীর আওতায় মুন্সীগঞ্জ সদর ব্রাঞ্চে ৭২৭১ জনকে ৬৬,৪৮,৪৭,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক কার্যক্রমের আওতায় স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার করার জন্য ঋণ প্রদান করা হয়েছে। এ মাসে ০৫টি ব্রাঞ্চে ০৩ জনকে ২,২৯,৬৪৯/- টাকা রেমিটেন্স প্রদান করা হয়। করোনাকালীন সময়ে আর,এস,এল খাতে ৫০৬ জন সদস্যক ২,৭৩,৭৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। পাশাপাশি মাস্ক বিতরণ করা হয়। ৫০ টি পরিবারকে করোনাকালীন সময়ে ত্রাণ দেওয়া হয়। ঋন গ্রাহকদের ছেলে/ মেয়েদের এস, এস,সি ও এইচ, এস, সি পরীক্ষায় জিপিএ-৩.৫ পেলে উপবৃত্তি দেয়া হয় এবংবিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রদের বৃত্তি প্রদান করা হয়। কৃষি কার্যক্রমের আওতায় ৩০ জন সদস্যকে গাছের চারা বিতরণ করা হয় এবং কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করা হয়। কল্যাণ তহবিল কার্যক্রমের আওতায় সদস্য ও সদস্যে প্রধান উপার্জনকারী মৃত্যুবরণ করলে ৩০০০/- টাকা হতে ৫০০০/- টাকা অনুদান প্রদান করা হয় এবং ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ মওকুফ করা হয়। WSS খাতে স্যানেটেইজেশন ও নলকূপের জন্য ৬৫ জনকে ২০,৩০,০০০/- টাকা ঋন প্রদান করা হয়। সভাপতি উপকারভোগীদের মাঝে সহজশর্তে ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ে সকল কর্মকর্তার সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | উপকারভোগীদের মাঝে সহজশর্তে ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ে সকল কর্মকর্তার সাথে আলোচনা করতে হবে। | ব্রাঞ্চ ম্যানেজার পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, মুন্সীগঞ্জ |
| ১৪. | পপুলেশন সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার (পি.এস.টি.সি) :ডিস্ট্রিক্ট টিম লিডার, পি.এস.টি.সি, মুন্সীগঞ্জ সভায় জানান, পিএসটিসি এর বাস্তবায়নাধীন এমআইএসএইচডি-নতুনদিন প্রকল্পটি মার্চ ২০২২ মাসে (১৫-৪৯) বছর বয়সের ৯০৪ জন নারীদের অংশগ্রহণে ৯২টি দলীয় সভা করে। (০-৫) বছর বয়সের সন্তান লালন পালনকারীদের সাথে ৬৩৯ জনের অংশগ্রহণে ৯২টি দলীয় সভা হয়। খানা পরিদর্শন ও এসএসসি এর স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিপণন হিসেবে ২০৫০টি খানা, গোল্ড স্টার মেম্বার ৬২জনের অংশগ্রহণে ৪ ব্যাচে ৪দিন সভা, ০৯ জনের অংশগ্রহণে মাসিক কর্মী সভা ০১টি, ৩৬জন কিশোর ও ৬৬ জন কিশোরী নিয়ে ০৫টি সেশনে স্বাস্থ্য সভা, ১৮টি নব দম্পত্তিদের সাথে কাউন্সেলিং করা হয়। বিশ্ব যক্ষা দিবস-২০২২ উদযাপন করা হয়। সভাপতি স্বাস্থ্য ক্ষেত্রে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার সাথে অথবা এনজিও বিষয়ক কমিটির সাথে সমন্বয় করার জন্য অনুরোধ জানান। | স্বাস্থ্য ক্ষেত্রে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা এর সাথে অথবা এনজিও বিষয়ক কমিটির সাথে সমন্বয় করতে হবে। | ডিস্ট্রিক্ট টিম লিডার, পি.এস.টি.সি, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ১৫. | অভিবাসী কর্মী উন্নয়ন প্রোগ্রাম (ওকাপ): মাঠ কর্মকর্তা, ওকাপ জানান, অভিবাসী কর্মী উন্নয়ন প্রোগ্রাম (ওকাপ) জানান, অভিবাসী কর্মী উন্নয়ন প্রোগ্রাম (ওকাপ) নিরাপদ অভিবাসন নিশ্চিত করা ও বাংলাদেশী অভিবাসী কর্মীদের অধিকার ত্বরান্বিত করতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। এ সংস্থাটি সরকারের উন্নয়ন সহযোগি হিসেবে কাজ করে থাকে। নিরাপদ অভিবাসন ও মানব পাচার প্রতিরোধ বিষয়ক তথ্য প্রদান, বিদেশ ফেরত অভিবাসী কর্মীগণকে একত্রিকরণ, করোনাকালীন সহাসারীর কারণে ক্ষতিগ্রস্থ বিদেশ ফেরত অভিবাসী কর্মীদের জন্য প্রশিক্ষণ ও প্রবাসী কল্যাণ ব্যাংক হতে ঋণ প্রাপ্তিতে সহায়তা, টেকসই উন্নয়নে ব্যবসায়িক পরিকল্পনা প্রনয়ণে সহযোগিতা, বিদেশ অবস্থারত অভিবাসী কর্মীদের সন্তানদের জন্য উপযুক্ত প্রশিক্ষণ কার্যক্রম, বিদেশে অবস্থানরত/ বিদেশ ফেরত অভিবাসী কর্মীর পরিবারের সদস্যদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ গ্রহণে উদ্বুদ্ধ করাসহ ইত্যাদি সেবা প্রদান করছে। চলমান প্রকল্পের আওতায় মার্চ ২০২২ মাসে নিরাপদ অভিবাসন দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অভিবাসী ফোরাম সদস্যদের নিয়ে ৩টি রিফ্রেসার ওরিয়েন্টেশন, ইউনিয়ন পর্যায়ে মানবপাচার প্রতিরোধ কমিটির সাথে ৩টি মতবিনিময় সভা আয়োজন করা হয় এবং বিদেশ ফেরত অসুস্থ্য ৩ জনকে চিকিৎসা সহায়তা দেয়া হয়েছে। এছাড়াও অভিবাসী ও তাদের পরিবারের সদস্যদের তাদের প্রয়োজন অনুযায়ী ১৫জনকে তথ্য সেবা দিয়ে সহযোগিতা করা হয়। এনজিও বিষয়ক সকল কাজকর্ম গ্রহণের বিষয়ে জেলা পর্যায়ে **জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের সাথে সমন্বয় করে গ্রহণ করার জন্য সভাপতি অনুরোধ জানান**। মানব পাচার বিষয়ক প্রচার-প্রচারণা করতে হবে এবং সম্ভাব্য বিদেশগামী এবং ফেরত প্রবাসীদের উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি **অনুরোধ জানান**। | এনজিও বিষয়ক সকল কাজকর্ম গ্রহণের বিষয়ে জেলা পর্যায়ে **জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের সাথে সমন্বয় করে গ্রহণ করতে হবে।** | মাঠ কর্মকর্তা<br>ওকাপ<br>মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ১৬. | আমদা বাংলাদেশঃ প্রজেক্ট কো-অর্ডিনেটর, আমদা বাংলাদেশ, মুন্সীগঞ্জ সভায় জানান, এ সংস্থাটি গজারিয়া উপজেলায় বিভিন্ন শ্রেণী পেশার মানুয়ের চাহিদা বিবেচনা করে স্বাস্থ্যসেবা, শিক্ষা ও দরিদ্র বিমোচনের জন্য সহজশর্তে আর্থিক সেবা ও মাল্টিসেক্টরাল কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রামের মাধ্যমে কাজ করে আসছে। চলতি মাসে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ১১৮ জন সদস্যকে ৭৩,৮৭,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ১৬,০৮,৫০৯/- টাকা সঞ্চয় আদায় করা হয়েছে এবং চাহিদা মোতাবেক ১৬,৯৬,৭৯৮/- টাকা সঞ্চয় ফেরত দেওয়া হয়েছে। প্রাইমারি হেলথ কার্যক্রমের আওতায় স্বাস্থ্য সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ১০৯ জন, কমিউনিটিতে স্বাস্থ্য শিক্ষা অধিবেশনের সংখ্যা ২৩টি, বয়োসন্ধিকাল স্বাস্থ্য শিক্ষা অধিবেশনের সংখ্যা ০৫টি। ভোকেশনাল ট্রেনিং সেন্টার কার্যক্রমের আওতায় দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে ৫ জনকে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হয়েছে ১০ জনকে। ডাউন সিনড্রোম বিষয়ক সচেতনতামূলক এডভোকেসী সভা হয়েছে ৮টি, ডাউন সিনড্রোম বৈশিষ্ট্য সম্পন্ন শিশু ও ব্যক্তিদের শনাক্ত করণ করা হয়েছে ০২ জনকে, প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে কর্মসংস্থান বিষয়ক সভা হয়েছে ০১টি। আমদা কমিউনটি লার্নিং সেন্টারের আওতায় বিশ্ব ডাউন সিনড্রোম দিবস পালন করা হয় ০১টি, সামাজিক সচেতনতা বৃদ্ধিমূলক সভা হয়েছে-০৪টি, জেন্ডার সচেতনতা বৃদ্ধিমূলক সভা হয়েছে-০২টি, সেমিনার/সামাজিক অনুষ্ঠান হয়েছে-০১টি এবং মিটিং হয়েছে-০৪টি। ঋণ বিতরণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা এনজিও কমিটির সাথে আলোচনা করে ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি অনুরোধ জানান। | ঋণ বিতরণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা এনজিও কমিটির সাথে আলোচনা করে করতে হবে। | প্রজেক্ট কো-অর্ডিনেটর, আমদা বাংলাদেশ, মুন্সীগঞ্জ |
| ১৭. | শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি এসডিএসঃ এলাকা ব্যবস্থাপক, শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি এসডিএস, মুন্সীগঞ্জ জানান, শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি এসডিএস এর মার্চ ২০২২ মাসে মাইক্রোফাইন্যান্স সেক্টর কর্মসূচীর আওতায় সদস্য সংখ্যা ৮৬৭৭ জন এবং ঋণী সদস্য সংখ্যা ৬৮০৮ জন। ঋণ বিতরণ করা হয়েছে ৪,৭৮,৪৬,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৩,৮৫,৬৬,৪৪৫/- টাকা। **সঞ্চয় ফেরত প্রদান করা হয়েছে** ৪১,১৫,০৮৭/-টাকা, সঞ্চয় আদায় হয়েছে ৬১,৩৯,৮৩৬ টাকা। চলতি মাসে ঋণস্থিতি ৩১,৮৩,৪৬,৩৭৬/- টাকা এবং সঞ্চয় স্থিতি ৮,০১,১১,৫৭৮/-টাকা। ঋণ বিতরণ কার্যক্রমে উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ জানান। | ঋণ বিতরণ কার্যক্রমে উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | এলাকা ব্যবস্থাপক, শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি এসডিএস, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ১৮. | পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন পপিঃ এপিএম পপি, সিরাজদিখান জোন, মুন্সীগঞ্জ সভায় জানান, পপি মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান জোনের আওতায় মুন্সীগঞ্জ, সিরাজদিখান, টংগীবাড়ী, শ্রীনগর, আলদীবাজার মোট ০৫টি শাখার মাধ্যমে ঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। তার সংস্থা মার্চ ২০২২ মাসে মোট ২৮৫৭ সদস্যের নিকট থেকে ৬৯,৭৩,৮১০/- টাকা সঞ্চয় আদায় এবং ৩৭,৪৬,৮১২/- টাকা সঞ্চয় ফেরত প্রদান করা হয়। এছাড়া ১৭৩ জন সদস্যকে ৩,৯৩,৫৩,০০০/- টাকা ঋণ প্রদান করেন। উক্ত জোনের সদস্য সংখ্যা ২৮৫৭ জন, ঋণী সদস্য ২৫১৪ জন, সঞ্চয় স্থিতি ৫,৬০,৫৭,২১৩/- টাকা এবং ঋণস্থিতি= ২৮,০১,৬০,৮৫৪/- টাকা। এছাড়া চলতি মাসে ০৬ জন সদস্যকে সদস্য কল্যাণ তহবিল হতে ৮,১২,৫৩৬/- ঋণ স্থিতি মওকুফ করা হয়েছে। ঋণ কার্যক্রমের পাশাপাশি একজন প্যারামেডিক ও তিনজন টিবিএ এর সমন্বয়ে গ্রাম পর্যায়ে স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে গর্ভবতী মা, শিশু স্বাস্থ্য ও সন্তান প্রসব পরবর্তী সময়ে করণীয় বিষয় প্রাথমিক স্বাস্থ্য সেবা, উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিক নির্নয়সহ জরুরী ঔষধ বিনামূল্যে প্রদান করা হয়। ৩২ জন দুঃস্থ্য শিশুদের এককালীন জামাকাপড় ও বইখাতা কেনা বাবদ ৮০০/-টাকা এবং খাতা কলম কেনা বাবদ ৪০০/- বৃত্তি প্রদান করে থাকে। এনজিও বিষয়ক সকল কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসার/ তাঁর প্রতিনিধিকে সম্পৃক্ত করার জন্য সভাপতি অনুরোধ জানান। | এনজিও বিষয়ক সকল কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসার/ তাঁর প্রতিনিধিকে সম্পৃক্ত করতে হবে। | এপিএম পপি, সিরাজদিখান জোন, মুন্সীগঞ্জ |
| ১৯. | শাপলা সমাজ উন্নয়ন সংস্থাঃএরিয়া ম্যানেজার, শাপলা সমাজ উন্নয়ন সংস্থা, মুন্সীগঞ্জ জানান, শাপলা সমাজ উন্নয়ন সংস্থার মার্চ ২০২২ মাসের কার্যক্রম হিসেবে **পঞ্চসার ইউনিয়নের ১ নং ওয়ার্ডে পোষাক তৈরীর বিষয়ে ৩০ জন মহিলাকে প্রশিক্ষণ, ১০ জন মহিলাকে পাটজাত পণ্য তৈরীর উপর প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়া রামপাল ইউনিয়নের খানকা দালালপাড়া গ্রামে ২৮ জন মহিলা-পুরুষকে তামাকজাত পন্যের ক্ষতিকর প্রভাবের বিষয়ে সচেতনতামূলক সেমিনার করা হয়েছে। উন্নত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখার জন্য সভাপতি অনুরোধ জানান।** | **উন্নত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে করতে হবে।** | এরিয়া ম্যানেজার, শাপলা সমাজ উন্নয়ন সংস্থা, মুন্সীগঞ্জ |
| ২০. | রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (আরডিএফ): এরিয়া ম্যানেজার, আরডিএফ, মুন্সীগঞ্জ জানান, রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (আরডিএফ) সংস্থার মার্চ ২০২২ মাসে ক্ষুদ্র ও উদ্যোক্তা উন্নয়ন ঋণ কার্যক্রমে মোট সদস্য সংখ্যা ৮৩২৬ জন। ঋণ আদায় করা হয় ১,৮৭,১৫,৩২৮/- টাকা। সঞ্চয় আদায় করা হয় ১৯,২৪,৫৪৫/-টাকা, সঞ্চয় ফেরত দেয়া হয় ৩২,১৩,৯৭৩/- টাকা। মৃত্যুজনিত কারণে ০১ জন সদস্যকে সর্বমোট ১৪,৯৪৫/- টাকা ঋণ মওকুফ করা হয়। বর্তমানে মাঠে বিতরণকৃত ঋণ স্থিতি আছে ১৪,৩৭,৬০,৯৪৯/- টাকা এবং সদস্যদের সঞ্চয় স্থিতি আছে ৪,৫৬,০৮,৪৪৩/- টাকা। সভাপতি ঋণ বিতরণ কার্যক্রমকে আরো বেগবান করার সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি অনুরোধ জানান। | ঋণ বিতরণ কার্যক্রমকে আরো বেগবান করার সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ২১. | <u>**অন্বেষণ মুন্সীগঞ্জঃ**</u>প্রোগ্রাম ম্যানেজার, অন্বেষণ, মুন্সীগঞ্জ জানান,অন্বেষণ সমাজের প্রান্তিক জনগোষ্ঠির শিক্ষা, স্বাস্থ্য, মৌলিক স্বাক্ষরতা, নারীর ক্ষমতায়ন, বনায়ন, কৃষি বিপ্লবসহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। মার্চ ২০২২ মাসে ঝড়েপরা শিশুদের শিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় লৌহজং উপজেলার ১০টি ইউনয়িনে ঝড়েপরা (৮-১৪ বছর) শিশুদের জরীপ করে যাচাই বাছাই কের ১৭৪১ জনকে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়। লেবাস অনুযায়ী পাঠদান সম্পন্ন হয়েছে। বয়স্কদের মৌলিক স্বাক্ষরতা প্রকল্পের আওতায় উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহায়তায় ১৫-৪৯ বছর বয়সী ১৮০০০ জন নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষরজ্ঞান সম্পন্ন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, টংগীবাড়ী এর উদ্বোধনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম চালু হয়েছে। মার্চ মাসে পাঠদান সম্পন্ন হয়েছে। এপ্রিল মাসে ধারাবাহিক পাঠদান কার্যক্রম অব্যাহত আছে। লৌহজং উপজেলার ৭টি ইউনিয়নে ও টংগীবাড়ী উপজেলার ৩টি ইউনিয়নে দুই হাজার ক্ষুদ্র কৃষকের নাম প্রাথমিকভাবে জরিপ করে নাম নিবন্ধন করা হয়। এদের মধ্য থেকে ৩০ জন মহিরাকে ভকেশনাল ট্রেনিং দেয়া হয়েছে। উপকুলীয় কৃষকদের দুর্যোগ সহনসীল কৃষি উৎপাদনে ট্রেনিং দেয়ার জন্য জরিপ করে প্রাথমিকভাবে ৫০ জন কৃষকের নাম নেয়া হয়েছে। ৫০ জন কৃষকের মধ্য থেকে বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে যাচাই করে চূড়ান্তভাবে ০৭ জনকে কৃষি কাজের জন্য আর্থিক সাহায্য করা হবে। | উপজেলা পর্যায়ে আয়োজিত সকল কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসার/তাঁর প্রতিনিধিকে সম্পৃক্ত করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, অন্বেষণ, মুন্সীগঞ্জ |
| | মহিলা বিষয়ক অধিদপ্তরের সহায়তায় সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির উন্নয়নে গজারিয়া উপজেলার ৮টি ইউনিয়নে ১৮৫৯ জন এবং সিরাজদিখান উপজেলার ৬টি ইউনয়িনে ৮৫৫জন মহিলাকে খাদ্যের বিনিময়ে আয়মূলক বিষয়ে এ মাসে প্রশিক্ষণ দেয়া হয়েছে। সভাপতি উপজেলা পর্যায়ে আয়োজিত সকল কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসার/তাঁর প্রতিনিধিকে সম্পৃক্ত করার জন্য অনুরোধ জানান। | | |
| ২২. | <u>ভ্রমনগাঁও দুঃস্থ মহিলা কল্যাণ সমিতিঃ</u> সভানেত্রী, ভ্রমনগাঁও দুঃস্থ মহিলা কল্যাণ সমিতি, মুন্সীগঞ্জ জানান, ভ্রমনগাঁও দুঃস্থ মহিলা কল্যাণ সমিতি এ জেলায় প্রতি ০৩(তিন) মাস অন্তর অন্তর ৩০/৫০ জন মহিলাকে সেলাই, ব্লক-বাটিক ও হস্তশিল্পের প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমানে আউট অব চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম স্কুল নামে একটি প্রজেক্ট চলমান রয়েছে। উক্ত প্রজেক্টে প্রায় ৮০টি স্কুল এবং ০৮ থেকে ১৪ বছর বয়সী ২৪০০ বাচ্চাদের পড়ালেখা এবং কারিগরি শিক্ষা দেয়া হচ্ছে। বাচ্চাদের প্রয়োজনীয় খাতা কলম, বই, স্কুল ড্রেস, ব্যাগ ইত্যাদি প্রদানসহ প্রতি মাসে উপবৃত্তি হসেবে প্রত্যেক বাচ্চাকে ৩০০/- টাকা করে দেয়া হচ্ছে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানটি বাংলাদেশ সরকারের অনুমোদিত হিউম্যান হেলথ হেল্পলাইন টেলিমেডিসিন এপ নিয়ে কাজ করছে। সভাপতি এনজিও বিষয়ক কার্যক্রম গ্রহণের বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তার সাথে সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ জানান। | এনজিও বিষয়ক কার্যক্রম গ্রহণের বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তার সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | সভানেত্রী, ভ্রমনগাঁও দুঃস্থ মহিলা কল্যাণ সমিতি, সিরাজদিখান, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ২৩. | <u>সোসাইটি ফর সোস্যাল সার্ভিস (এস এস এস):</u> এরিয়া ম্যানেজার, এস.এস.এস, মুন্সীগঞ্জ জানান, সোসাইটি ফর সোস্যাল সার্ভিস (এস এস এস) এ জেলার ০৪টি উপজেলায় কাজ করে থাকেন। মার্চ ২০২২ মাসে ৭৩২ জন সদস্যের মাঝে ঋণ বিতরণ করা ৩,৪৯,৪৫,০০০/- টাকা, ঋণ আদায় করা হয় ৩,১৬,০৯,০০০/- টাকা, ঋণ স্থিতি ৩১,৬৫,২৩,০০০/- টাকা। সঞ্চয় আদায় করা হয় ৬৬,৪৯,৪৫০/- টাকা এবং সঞ্চয় ফেরত দেয়া হয় ৪৫,৮৪,৭৫০/- টাকা। মোট সঞ্চয় স্থিতি ৬,৭৫,৪৩৩/- টাকা। উপকারভোগীদের মধ্য থেকে ৭০ জনকে ৪,৯০,০০০/- টাকা চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এছাড়া রেমিটেন্স সেবা প্রদান করা হয় ৪২ জনকে ১,৪৮,৩১৫/- টাকা। সভাপতি এনজিও বিষয়ক কার্যক্রমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ জানান। | এনজিও বিষয়ক কার্যক্রমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | আঞ্চলিক ব্যবস্থাপক, এস.এস.এস, মুন্সীগঞ্জ |

২। **বিবিধ আলোচনাঃ** সদস্য সচিব সকলের অবগতির জন্য জানান, মাসিক কার্যপত্র প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় আবশ্যিকভাবে দাখিল এবং gsdcmunshi@gmail.com ই-মেইলে সফট কপি প্রেরণ করার নির্দেশনা থাকলেও অনেক এনজিও সংস্থা নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করছেন না। নির্ধারিত তারিখের মধ্যে কার্যপত্র দাখিলসহ সভায় নিয়মিত সংযুক্ত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ জানান যে, যখন কোন এনজিও সংস্থা এনজিও বিষয়ক কার্যক্রম গ্রহণ করেন সে বিষয়ে সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সাথে আলোচনা করে বা অবহিত করে কাজ করার জন্য অনুরোধ জানান।

পুলিশ সুপারের প্রতিনিধি বলেন, এনজিও সংস্থা তৃণমূল পর্যায়ে মানুষের সাথে যোগাযোগ করে কাজ করে থাকেন। বিপদগামী মানুষের উপকার করে থাকেণ। আধুনিক যুব সমাজে মাদকের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে এবং অনেক মাদক কারবারীও রয়েছে। এ বিষয়ে কোন তথ্য জানতে পারলে তাৎক্ষণিকভাবে তা পুলিশ প্রশাসন ও জেলা প্রশাসনকে জানাতে পারেন। দেশ ও জাতির উন্নয়নে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে।

সভাপতি জানান, এনজিও হচ্ছে সরকারের একটি উন্নয়মূলক সংস্থা। এ সংস্থা রুট লেভেলে কাজ করে থাকে। প্রান্তিক ও তৃণমূল পর্যায়ে জনগণ যাতে সুবিধা বঞ্চিত না হয় সেদিকে নজর রেখে কাজ করার জন্য অনুরোধ জানান।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৩০.৫৯০০.২০৪.৩৫.০০১.২১.২০০

তারিখ: ৭ বৈশাখ ১৪২৯
২০ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা

৩) পুলিশ সুপার, মুন্সীগঞ্জ

৪) সিভিল সার্জন (চলতি দায়িত্ব), জেলা সিভিল সার্জনের কার্যালয়, মুন্সিগঞ্জ

৫) উপপরিচালক , উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সিগঞ্জ

৬) জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, মুন্সীগঞ্জ

৭) চেয়ারম্যান, উপজেলা পরিষদ...............................(সকল), মুন্সীগঞ্জ

৮) উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর/টংগীবাড়ী/সিরাজদিখান/শ্রীনগর/লৌহজং/গজারিয়া, মুন্সীগঞ্জ।

৯) ..............................................., (এনজিও বিষয়ক প্রতিনিধি সংশ্লিষ্ট সকল), মুন্সীগঞ্জ



কাজী নাহিদ রসুল

জেলা প্রশাসক